১৮.০৪.২০১৯

# পশ্চিমবঙ্গে সপ্তদশ লোকসভা নির্বাচনের তৃতীয় দফার প্রার্থীদের হলফনামার বিশ্লেষণ

**পশ্চিমবঙ্গে সপ্তদশ লোকসভা নির্বাচনের তৃতীয় দফায় বালুরঘাট, জাঙ্গিপুর, মুর্শিদাবাদ, মালদা উত্তর ও দক্ষিণ এই ৫টি কেন্দ্রে আগামী ২৩শে এপ্রিল প্রতিদ্বন্দ্বিতাকারী ৬১ জন প্রার্থীদের হলফনামার ভিত্তিতে পশ্চিমবঙ্গ ইলেকশন ওয়াচ ও এ.ডি.আর এর বিশ্লেষণ থেকে প্রস্তুত করা বিস্তারিত তথ্যাবলী নীচে দেওয়া হল।**

এই দফায় নির্বাচনী লড়াই-এ রয়েছেন বিজেপি-র ৫ জন,তৃণমূল কংগ্রেসের ৫ জন, জাতীয় কংগ্রেসের ৫ জন, এস.ইউ.সি.আই এর ৫ জন, বি.এস.পি-র ৫ জন, শিব সেনার ২ জন, কামতাপুর পিপলস পার্টির(ইউনাইটেড) ২ জন, সি.পি.আই.এম-এর ৩ জন, সি.পি.আই (এম.এল)-এর ১ জন, অন্ধ্র ন্যাশানাল পার্টি র ২ জন, নির্দল প্রার্থী ১৫ জন, এবং অন্যান্য দলের ১১ জন প্রার্থী রয়েছেন।

## বিভিন্ন ফৌজদারী মামলায় অভিযুক্ত নির্বাচন প্রার্থীঃ

যে ৬১ জন প্রার্থীর হলফনামা বিশ্লষণ করা হয়েছে তাঁদের মধ্যে ১৫ জন (২৫%) প্রার্থীর বিরুদ্ধে স্বঘোষিত বিভিন্ন ফৌজদারী মামলা রয়েছে এদের মধ্যে ১৪ (২৩%) জনের বিরুদ্ধে গুরুতর ফৌজদারী মামলা রয়েছে। যেমন খুন, খুনের প্রচেষ্টা, অপহরণ ধর্ষণ ও নানাবিধ মামলা যা জামিন অযোগ্য বা অপরাধ প্রমান হলে যার নূন্যতম শাস্তি ৫ বছরের কারাবাস।

উপরোক্ত গুরুতর ফৌজদারী মামলায় অভিযুক্ত ১৪ জনের মধ্যে বিজেপির ৪ জন (৮০%), সি.পি.এম এর ১ জন (৩৩%), জাতীয় কংগ্রেস ১ জন (২০%), তৃণমূল কংগ্রেসের ২ (৪০%) জন, অন্ধ্র ন্যাশানাল পার্টি, শিব সেনার , সি.পি.আই (এম.এল)- দলের ১ জন করে প্রার্থী রয়েছেন। এছাড়া কামতাপুর পিপলস পার্টির(ইউনাইটেড) এর ২ জন ও ১ জন নির্দল প্রার্থীও রয়েছেন।

এই পরিসংখ্যান থেকে এটা স্পষ্ট যে হলফনামা পশ্চিমবঙ্গ ইলেকশন ওয়াচ ও অন্যান্য সামাজিক সংগঠনগুলির বারংবার অনুরোধ সত্বেও বিভিন্ন রাজনৈতিক দলগুলি নানাবিধ গুরুতর ফৌজদারী মামলায় অভিযুক্ত ব্যক্তিদের নির্বাচনে মনোনয়ন দিতে এখনও কোনরূপ দ্বিধা বোধ করেন না।

## নির্বাচন প্রার্থীদের অর্থনৈতিক প্রেক্ষাপটঃ

এই দফার নির্বাচনে ৬১ জন প্রার্থীর মধ্যে ১১ (১৮%) জন প্রার্থী কোটিপতি। এদের সম্পদ ১ কোটি টাকার বেশী। এই পর্বে মোট সম্পদের বিচারে সবচেয়ে ধনী প্রার্থী জাঙ্গিপুরের তৃণমূলের প্রার্থী খাইলিলুর রহমান এনার মোট ঘোষিত সম্পদ ৩৬ কোটি টাকার বেশী। ওনার পরেই আছেন মালদা দক্ষিণের এর জাতীয় কংগ্রেসএর প্রার্থী আবু হাসের খান চৌধুরী। তার মোট ঘোষিত সম্পদ ২৭ কোটি টাকার বেশী। তিন নম্বর স্থানে আছেন জাঙ্গিপুরের এর জাতীয় কংগ্রেস প্রার্থী অভিজিৎ মুর্খাজি। তার মোট ঘোষিত সম্পদ ১৪ কোটি টাকার বেশী।

দলগতভাবে দেখলে তৃনমূল কংগ্রেসের ৫ জন প্রার্থীর মধ্যে ৩ জনই কোটিপতি (৬০%), বিজেপি-র ৫ জন প্রার্থীর মধ্যে ৩ জন (৬০%) ও জাতীয় কংগ্রেসের ৫ জন প্রার্থীর মধ্যে ৩ জন (৬০%) কোটিপতি। এছাড়া বি.এস.পির ৫ জন প্রার্থীর মধ্যে ১ জন কোটিপতি (২০%), সি.পি.আই.এম- র ৩ জন প্রার্থীর মধ্যে ১ জনই কোটিপতি (৩৩%)।

এই পর্বের সবচেয়ে কম সম্পদ যে প্রার্থীদের তারা হলেন বালুরঘাটের সি.পি.আই.(এম.এল) প্রার্থী মানস চক্রবর্তী (৫ হাজার টাকা +), বালুরঘাটেরই ঝাড়খন্ড মুক্তি মোর্চার প্রার্থী নারান টুডু (৫ হাজার টাকা +) এবং জাঙ্গিপুরের এস.ইউ.সি.আই প্রার্থী মহঃ সামিরুদ্দিন (২৬ হাজার টাকা +) ।

অর্থনৈতিক প্রেক্ষাপটের দলীয় চিত্রটি হল তৃনমূল কংগ্রেসের ৫ জন প্রার্থীর গড় সম্পদ ৮ কোটি টাকা +, বিজেপি-র ৫ জন প্রার্থীর গড় সম্পদ ১ কোটি টাকা +, জাতীয় কংগ্রেসের ৫ জন প্রার্থীর গড় সম্পদ ৯ কোটি টাকা +, সিপি আই এম –এর ৩ জন প্রার্থীর গড় সম্পদ ৮১ লক্ষ টাকা +, এস.ইউ.সি.আই-এর ৫ জন প্রার্থীর গড় সম্পদের পরিমান ১০ লক্ষ টাকা +, বি.এস.পির ৫ জন প্রার্থীর গড় সম্পদের পরিমান ৫৯ লক্ষ টাকা +, আর.এস.পির ১ জন প্রার্থীর গড় সম্পদের পরিমান ৪৬ লক্ষ টাকা +, সি.পি.আই। (এম.এল) ১ জন প্রার্থীর গড় সম্পদের পরিমান ৫ হাজার টাকা +, শিব সেনার ২ জনের গড় সম্পদের পরিমান ৩০ লক্ষ টাকা +, ঝাড়খন্ড মুক্তি মোর্চার ২ জন প্রার্থীর গড় সম্পদের পরিমান ৪ লক্ষ টাকা +, ১৫ জন নির্দল প্রার্থীর গড় সম্পদ ২২ লক্ষ টাকা +।

এছাড়াও অন্যান্য প্রতিদ্বন্দ্বিতাকারী দলগুলির চিত্রটি হল ঃ বহুজন মুক্তি পার্টির ৩ জনের গড় সম্পদের পরিমান ৩ লক্ষ টাকা +, কামতাপুর পিপলস পার্টির(ইউনাইটেড) এর ২ জনের গড় সম্পদের পরিমান ৭৭ লক্ষ টাকা +, আহিড়া ন্যাশানাল পার্টির ২ জন প্রার্থীর গড় সম্পদের পরিমান ১ লক্ষ টাকা +, ওয়েলফেয়ার পার্টি অফ ইন্ডিয়ার ১ জন প্রার্থীর গড় সম্পদের পরিমান ৯৭ লক্ষ টাকা +, জামাত এ সেরাতুল মুস্তাকিম দলের ১ জন প্রার্থীর গড় সম্পদের পরিমান ৫৫ লক্ষ টাকা +, সোস্যাল ডেমোক্রাটিক পার্টি অফ ইন্ডিয়া ১ জন প্রার্থীর গড় সম্পদের পরিমান ২৫ লক্ষ টাকা +, পুর্বাঞ্চল জনতা পার্টির (সেকুলার)১ জন প্রার্থীর গড় সম্পদের পরিমান ২০ লক্ষ টাকা +, পার্টি ফর ডেমক্রাটিক সোসালিসম ১ জন প্রার্থীর গড় সম্পদের পরিমান ৫২ হাজার টাকা +।

**<u>৬১ জনের মধ্যে ৭ জন প্রার্থী আয়কর রির্টাণ সম্পর্কে কোন তথ্য দেন নি।</u>** এরা হলেন

| ক্রমিক সংখ্যা | নাম | নির্বাচন কেন্দ্র | দল | মোট সম্পদ (টাকা) | প্যান কার্ডের তথ্য |
|---|---|---|---|---|---|
| ১ | সুভাষ বর্মন | মালদা উত্তর | কামতাপুর পিপলস পার্টির(ইউনাইটেড) | ৯৮১১০৪৫ (৯৮ লক্ষ +) | নেই |
| ২ | বিরেন মাহান্ত | বালুরঘাট | এস.ইউ.সি.আই | ৩০৭৪০০০ (৩০ লক্ষ +) | নেই |
| ৩ | ফুলচাদ মণ্ডল | মালদা দক্ষিণ | বি.এস.পি | ২০৫১৯০৪ (২০ লক্ষ +) | নেই |
| ৪ | মোনাটান হেমব্রম | মালদা উত্তর | বহুজন মুক্তি পার্টি | ৬৫০০০ + | নেই |
| ৫ | নাসমূল হক | মালদা দক্ষিণ | পার্টি ফর ডেমক্রাটিক সোসালিসম | ৫২০০০ + | নেই |
| ৬ | নিমাই বেসারা | মালদা উত্তর | নির্দল | ২৭০০০ + | নেই |
| ৭ | মানস চক্রবর্তী | বালুরঘাট | সি.পি.আই (এম.এল) | ৫০০০ + | নেই |

কোন কোন প্রার্থী আয়কর রির্টান জমা দেওয়ার দায়বদ্ধতা থেকে মুক্তও হতে পারেন। অবশ্য হলফনামা থেকে সেটা বোঝা যায় না।

**এই পর্যায়ে মোট ৮ জন (১৩%) প্রার্থী প্যান কার্ড সংক্রান্ত তথ্যা দেন নি।**

তৃতীয় দফার নির্বাচনে ২০ জন প্রার্থী তাঁদের দায়ের কথা ঘোষনা করেছেন। এদের মধ্যে জাতীয় কংগ্রেসের ৪ জন, বিজেপির ৪ জন, তৃণমূল কংগ্রেসের ৩ জন ও সিপিআইএম-এর ২ জন প্রার্থী রয়েছেন। ২০ জন প্রার্থীর বিস্তারিত বিবরণ নীচে দেওয়া হলঃ

| ক্রমিক সংখ্যা | নাম | নির্বাচন কেন্দ্র | দল | মোট সম্পদ (টাকা) | দায় (টাকা) | প্যান কার্ডের তথ্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | অভিজিত মুর্খাজী | জাঙ্গিপুর | জাতীয় কংগ্রেস | ১৪ কোটি + | ৩ কোটি + | দেওয়া আছে |
| ২ | আব্দুস সাদেক সরকার | বালুরঘাট | জাতীয় কংগ্রেস | ২ কোটি + | ৯৮ লক্ষ + | দেওয়া আছে |
| ৩ | হুমায়ন কবীর | মুর্শিদাবাদ | বিজেপি | ৩ কোটি + | ৪৯ লক্ষ + | দেওয়া আছে |
| ৪ | শ্রীরূপা মিত্র চৌধুরী | মালদা দক্ষিণ | বিজেপি | ১ কোটি + | ২৮ লক্ষ + | দেওয়া আছে |
| ৫ | থালিলুর রহমান | জাঙ্গিপুর | তৃণমূল কংগ্রেস | ৩৬ কোটি + | ২২ লক্ষ + | দেওয়া আছে |
| ৬ | সুকান্ত মজুমদার | বালুরঘাট | বিজেপি | ৫৮ লক্ষ + | ২১ লক্ষ + | দেওয়া আছে |
| ৭ | মিজানুল হোক | মুর্শিদাবাদ | বিএসপি | ৩২ লক্ষ + | ২১ লক্ষ + | দেওয়া আছে |
| ৮ | আবু তাহের থান | মুর্শিদাবাদ | তৃণমূল কংগ্রেস | ৮৯ লক্ষ + | ১৩ লক্ষ + | দেওয়া আছে |
| ৯ | মহঃ জুলফিকার আলি | জাঙ্গিপুর | সিপিআইএম | ৮৬ লক্ষ + | ১৩ লক্ষ + | দেওয়া আছে |
| ১০ | থগেন মুর্মু | মালদা উত্তর | বিজেপি | ১ কোটি + | ১০ লক্ষ + | দেওয়া আছে |
| ১১ | আবু হাসেম থান চৌধুরী | মালদা দক্ষিণ | জাতীয় কংগ্রেস | ২৭ কোটি + | ৭ লক্ষ + | দেওয়া আছে |
| ১২ | মৌসম নূর | মালদা উত্তর | তৃণমূল কংগ্রেস | ১ কোটি + | ৩ লক্ষ + | দেওয়া আছে |
| ১৩ | ইশা থান চৌধুরী | মালদা উত্তর | জাতীয় কংগ্রেস | ৮৬ লক্ষ + | ৩ লক্ষ + | দেওয়া আছে |
| ১৪ | নিতীশ কুমার মন্ডল | মালদা উত্তর | বিএসপি | ৩৭ লক্ষ + | ৩ লক্ষ + | দেওয়া আছে |
| ১৫ | নুরশেদ আলম | মালদা উত্তর | নির্দল | ৫৬ লক্ষ + | ১ লক্ষ + | দেওয়া আছে |
| ১৬ | নিমাই বেসারা | মালদা উত্তর | নির্দল | ২৭ হাজার + | ১ লক্ষ + | দেওয়া আছে |
| ১৭ | নিত্য দাস | মালদা উত্তর | আহিড়া ন্যাশানাল পার্টি | ২ লক্ষ + | ১ লক্ষ + | দেওয়া আছে |
| ১৮ | রঞ্জিত কুমার মহান্ত | বালুরঘাট | শিব সেনা | ৩৯ লক্ষ + | ৬৩ হাজার + | দেওয়া আছে |
| ১৯ | বাদরুদ্দোজা থান | মুর্শিদাবাদ | সিপিআইএম | ৪৮ লক্ষ + | ৪২ হাজার + | দেওয়া আছে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২০ | রতন মন্ডল | মালদা দক্ষিণ | নির্দল | ৫ লক্ষ + | ৯ হাজার + | দেওয়া আছে |

**অন্যান্য তথ্যাবলীঃ**

এই দফায় ৬১ জন প্রার্থীদের মধ্যে বয়সের দিক থেকে ৩৩ জন প্রার্থীর বয়স ২৫ বছর থেকে ৫০ বছরের এর মধ্যে (৫৪%)। ৫০ এর বেশী বয়সের প্রার্থী মোট ২৮ জন (৪৬%)।

| বয়স (বছরে) | প্রার্থীর সংখ্যা |
|---|---|
| ২৫-৩০ | ৭ |
| ৩১-৪০ | ১৩ |
| ৪১-৫০ | ১৩ |
| ৫১-৬০ | ১৭ |
| ৬১-৭০ | ১০ |
| ৭১-৮০ | ১ |
| মোট | ৬১ |

শিক্ষাগত মানদণ্ডের ৬১ জন প্রার্থীর মধ্যে ২৬ জন (৪৩%) ৫ম থেকে ১২ শ্রেণী অবধি পড়াশুনা করেছেন। আর ৩৩ জন (৫৪%) প্রার্থীর স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী রয়েছে। এই পর্যায়ে ২ জন নিরক্ষর প্রার্থী রয়েছেন আর ৩ জন ডক্টরেট প্রার্থী রয়েছেন।

| শিক্ষাগত মান | প্রার্থীর সংখ্যা |
|---|---|
| নিরক্ষর | ২ |
| ৫ শ্রেণী পাশ | ১ |
| ৮ শ্রেণী পাশ | ৪ |
| ১০ শ্রেণী পাশ | ১০ |
| ১২ শ্রেণী পাশ | ১১ |
| স্নাতক | ১৫ |
| স্নাতক প্রেফেশান্যাল (কারিগরী) | ৬ |
| স্নাতকোত্তর | ৯ |
| ডক্টরেট | ৩ |
| মোট | ৬১ |

৬১ প্রার্থীদের মধ্যে ৬ জন মহিলা প্রার্থী রয়েছেন অর্থাৎ মাত্র ১০% মহিলা প্রার্থী তৃতীয় দফার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। যদিও সব রাজনৈতিক দলই মহিলাদের ক্ষমতায়ন, এমনকি সংসদে মহিলাদের জন্য ৩৩% আসন সংরক্ষনে কথা বলেন কিন্তু কার্যত  ভোট যুদ্ধে মনোনয়ন পাওয়ার ক্ষেরে এখনও পুরুষ প্রার্থীদেরই পাল্লা ভারী।

**প্রার্থীদের সম্পদের বিস্তারিত চিত্র**

| **ক্রমিক সংখ্যা** | **নাম** | **নির্বাচন কেন্দ্র** | **দল** | **মোট সম্পদ (টাকা)** | **প্যান কার্ডের তথ্য** |
|---|---|---|---|---|---|
| ১ | খালিলুর রহমান | জাঙ্গিপুর | তৃণমূল কংগ্রেস | ৩৬ কোটি + | দেওয়া আছে |
| ২ | আবু হাসেম খান চৌধুরী | মালদা দক্ষিণ | জাতীয় কংগ্রেস | ২৭ কোটি + | দেওয়া আছে |
| ৩ | অভিজিত মুর্খাজী | জাঙ্গিপুর | জাতীয় কংগ্রেস | ১৪ কোটি + | দেওয়া আছে |
| ৪ | হুমায়ন কবীর | মুর্শিদাবাদ | বিজেপি | ৩ কোটি + | দেওয়া আছে |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | আব্দুস সাদেক সরকার | বালুরঘাট | জাতীয় কংগ্রেস | ২ কোটি + | দেওয়া আছে |
| ৬ | শামিমুল ইসলাম | জাঙ্গিপুর | বিএসপি | ১ কোটি + | দেওয়া আছে |
| ৭ | মৌসম নূর | মালদা উত্তর | তৃণমূল কংগ্রেস | ১ কোটি + | দেওয়া আছে |
| ৮ | মহঃ মোজ্জাজেম হোসেন | মালদা দক্ষিণ | তৃণমূল কংগ্রেস | ১ কোটি + | দেওয়া আছে |
| ৯ | বিশ্বনাথ ঘোষ | মালদা উত্তর | সিপিআইএম | ১ কোটি + | |
| ১০ | খগেন মুর্মু | মালদা উত্তর | বিজেপি | ১ কোটি + | দেওয়া আছে |
| ১১ | শ্রীরূপা মিত্র চৌধুরী | মালদা দক্ষিণ | বিজেপি | ১ কোটি + | দেওয়া আছে |
| ১২ | সুভাষ বর্মন | মালদা উত্তর | কামতাপুর পিপিলস পার্টি (ইউনাইটেড) | ৯৮লক্ষ + | দেওয়া আছে |
| ১৩ | সৈয়দ কাসিম রসুল ইলিয়াস | জাঙ্গিপুর | ওয়েলফেয়ার পার্টি অফ ইন্ডিয়া | ৯৭লক্ষ + | দেওয়া আছে |
| ১৪ | মানজুর আলাহি মুনশী | মালদা দক্ষিণ | নির্দল | ৯৫লক্ষ + | দেওয়া আছে |
| ১৫ | আবু তাহের খান | মুর্শিদাবাদ | তৃণমূল কংগ্রেস | ৮৯ লক্ষ + | দেওয়া আছে |
| ১৬ | মহঃ জুলফিকার আলি | জাঙ্গিপুর | সিপিআইএম | ৮৬ লক্ষ + | দেওয়া আছে |
| ১৭ | ঈশা খান চৌধুরী | মালদা উত্তর | জাতীয় কংগ্রেস | ৮৬ লক্ষ + | দেওয়া আছে |
| ১৮ | মোহঃ জালালুদ্দিন মণ্ডল | মুর্শিদাবাদ | নির্দল | ৮০ লক্ষ + | দেওয়া আছে |
| ১৯ | আবু হেনা (পিতা প্রয়াত আব্দুস সাত্তার) | মুর্শিদাবাদ | জাতীয় কংগ্রেস | ৮০ লক্ষ + | দেওয়া আছে |
| ২০ | সুকান্ত মজুমদার | বালুরঘাট | বিজেপি | ৫৮ লক্ষ + | দেওয়া আছে |
| ২১ | নুবাস চন্দ্র বর্মন | বালুরঘাট | কামতাপুর পিপিলস পার্টি (ইউনাইটেড) | ৫৭ লক্ষ + | দেওয়া আছে |
| ২২ | নুরশেদ আলম | মালদা উত্তর | নির্দল | ৫৬ লক্ষ + | দেওয়া আছে |
| ২৩ | মহঃ হাবিবুর রহমান | মুর্শিদাবাদ | জামাত এ সেরাতুল মুস্তাকিম | ৫৫ লক্ষ + | দেওয়া আছে |
| ২৪ | বদরুদ্দোজা খান | মুর্শিদাবাদ | সিপিআইএম | ৪৮ লক্ষ + | দেওয়া আছে |
| ২৫ | রনেন বর্মন | বালুরঘাট | আর আস পি | ৪৬ লক্ষ + | দেওয়া আছে |
| ২৬ | রঞ্জিত কুমার মোহান্ত | বালুরঘাট | শিবসেনা | ৩৯ লক্ষ + | দেওয়া আছে |
| ২৭ | নিতীশ কুমার মন্ডল | মালদা উত্তর | বিএসপি | ৩৭ লক্ষ + | দেওয়া আছে |
| ২৮ | মিজানুল হোক | মুর্শিদাবাদ | বিএসপি | ৩২ লক্ষ + | দেওয়া আছে |
| ২৯ | বীরেন মোহান্ত | বালুরঘাট | এস ইউ সি আই | ৩০ লক্ষ + | তথ্য নেই |
| ৩০ | অর্পিতা ঘোষ | বালুরঘাট | তৃণমূল কংগ্রেস | ২৮ লক্ষ + | দেওয়া আছে |
| ৩১ | হাসিম আখতার | মালদা দক্ষিণ | নির্দল | ২৭ লক্ষ + | দেওয়া আছে |
| ৩২ | মহঃ তাইদুল ইসলাম | জাঙ্গিপুর | সোশ্যাল ডেমোক্রেটিক পার্টি অফ ইন্ডিয়া | ২৫ লক্ষ + | দেওয়া আছে |
| ৩৩ | মাফুজা খাতুন | জাঙ্গিপুর | বিজেপি | ২৪ লক্ষ + | দেওয়া আছে |
| ৩৪ | অভিজিত খামারু | জাঙ্গিপুর | নির্দল | ২২ লক্ষ + | দেওয়া আছে |
| ৩৫ | অর্জুন কেশারী | মালদা উত্তর | শিবসেনা | ২০ লক্ষ + | দেওয়া আছে |
| ৩৬ | ফুলচাদ মণ্ডল | মালদা দক্ষিণ | বি এস পি | ২০ লক্ষ + | তথ্য নেই |
| ৩৭ | অংশুধর মণ্ডল | মালদা দক্ষিণ | এস ইউ সি আই (সি) | ২০ লক্ষ + | দেওয়া আছে |
| ৩৮ | ধনঞ্জয় ব্যানার্জী | জাঙ্গিপুর | পুর্বাঞ্চল জনতা পার্টি (সেকুলার) | ২০ লক্ষ + | দেওয়া আছে |
| ৩৯ | নলীন চন্দ্র মুর্মু | বালুরঘাট | বি এস পি | ১৮ লক্ষ + | দেওয়া আছে |
| ৪০ | বিভুতি টুডু | বালুরঘাট | নির্দল | ১৩ লক্ষ + | দেওয়া আছে |
| ৪১ | প্রসাদ হালদার | জাঙ্গিপুর | নির্দল | ৮ লক্ষ + | দেওয়া আছে |
| ৪২ | জোসেফ কিস্কু | মালদা উটর | ঝাড়খণ্ড মুক্তি মোর্চা | ৮ লক্ষ + | দেওয়া আছে |
| ৪৩ | হুমায়ুন কবীর শেখ | মুর্শিদাবাদ | নির্দল | ৭ লক্ষ + | দেওয়া আছে |
| ৪৪ | আবু হেনা (পিতা সাজ্জাদ আলি) | মুর্শিদাবাদ | নির্দল | ৭ লক্ষ + | দেওয়া আছে |
| ৪৫ | ধনঞ্জয় সরকার | মুর্শিদাবাদ | বহুজন মুক্তি পার্টি | ৬ লক্ষ + | দেওয়া আছে |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪৬ | রতন মণ্ডল | মালদা দক্ষিণ | নির্দল | ৫ লক্ষ + | দেওয়া আছে |
| ৪৭ | রনেন্দ্র নাথ মালি | বালুরঘাট | বহুজন মুক্তি পার্টি | ৪ লক্ষ + | দেওয়া আছে |
| ৪৮ | মোহন হাসদা | মালদা উত্তর | নির্দল | ৪ লক্ষ + | দেওয়া আছে |
| ৪৯ | নিত্য দাস | মালদা উত্তর | আহিড়া ন্যাশানাল পার্টি | ২ লক্ষ + | দেওয়া আছে |
| ৫০ | সুভাষ সরকার | মালদা উত্তর | এস ইউ সি আই (সি) | ২ লক্ষ + | দেওয়া আছে |
| ৫১ | পাপ্পু আহমেদ | মালদা দক্ষিণ | আহিড়া ন্যাশানাল পার্টি | ১ লক্ষ + | দেওয়া আছে |
| ৫২ | কামারুজ্জামান খান্দেকার | মুর্শিদাবাদ | এস ইউ সি আই (সি) | ১ লক্ষ + | দেওয়া আছে |
| ৫৩ | মহঃ দুলাল হক | মালদা উত্তর | নির্দল | ৭৮ হাজার + | দেওয়া আছে |
| ৫৪ | মোনাতন হেমব্রম | মালদা উত্তর | বহুজন মুক্তি পার্টি | ৬৫ হাজার + | তথ্য নেই |
| ৫৫ | আল মনোয়ারা বেগম | মালদা উত্তর | নির্দল | ৬১ হাজার + | দেওয়া আছে |
| ৫৬ | নাসমুল হোক | মালদা দক্ষিণ | পার্টি ফর ডেমোক্রেটিক সোশ্যালিজম | ৫২ হাজার + | তথ্য নেই |
| ৫৭ | মুসলিমা খাতুন | বালুরঘাট | নির্দল | ৪২ হাজার + | দেওয়া আছে |
| ৫৮ | নিমাই বেসারা | মালদা উত্তর | নির্দল | ২৭ হাজার + | তথ্য নেই |
| ৫৯ | মহঃ শামিরুদ্দিন | জাঙ্গিপুর | এস ইউ সি আই (সি) | ২৬ হাজার + | দেওয়া আছে |
| ৬০ | মানস চক্রবর্তী | বালুরঘাট | সি পি আই (এম এল) | ৫ হাজার + | তথ্য নেই |
| ৬১ | নারান টুডু | বালুরঘাট | ঝাড়খণ্ড মুক্তি মোর্চা | ৫ হাজার+ | দেওয়া আছে |

ফৌজদারী মামলায় অভিযুক্ত প্রার্থীদের বিস্তারিত তথ্য ইংরাজীতে সংলগ্ন করা হল।

(উজ্জয়িনী হালিম) রাজ্য সংযোজক, পশ্চিমবঙ্গ ইলেকশন ওয়াচ (মোবাইল-৯৮৩০২৯৯৩২৬)